

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৪

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৮: আদেশ অনুযায়ী যে ব্যক্তি উযু করে তার সাওয়াব

ثَوَابُ مَنْ تَوَضَّأَ كَمَا أُمِرَ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ سُفْيَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَاصِمِ بْنِ سُفْيَانَ الثَّقَفِيِّ، أَنَّهُمْ غَزَوْا غَزْوَةَ السَّلَاسِلِ فَفَاتَهُمُ الْغَزْوُ فَرَابَطُوا ثُمَّ رَجَعُوا إِلَى مُعَاوِيَةَ وَعِنْدَهُ أَبُو أَيُّوبَ، وَعُقْبَةُ بْنُ عَامِرٍ، فَقَالَ عَاصِمٌ: يَا أَبَا أَيُّوبَ، فَاتَنَا الْغَزْوُ الْعَامَ وَقَدْ أَخْبَرْنَا أَنَّهُ مَنْ صَلَّى فِي الْمَسَاجِدِ الْأَرْبَعَةِ غُفِرَ لَهُ ذَنْبُهُ، فَقَالَ: يَا ابْنَ أَخِي، أَدُلُّكَ عَلَى أَيْسَرَ مِنْ ذَلِكَ، إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: مَنْ تَوَضَّأَ كَمَا أُمِرَ وَصَلَّى كَمَا أُمِرَ، غُفِرَ لَهُ مَا قَدَّمَ مِنْ عَمَلٍ، أَكْذَلِكَ يَا عُقْبَةُ؟ قَالَ: نَعَمْ.

তখরিজ দারالدعوه: سنن ابن ماجه/إقامة الصلاة ١٩٣ (١٣٩٦)، (تحفة الأشراف:

٣٢٦٢)، مسند احمد ٥/٢٢٣، سنن الدارمی/الطهارة ٤٥ (٧٢٢) (صحيح) (متابعات

وشواهد سے تقویت پا کر یہ روایت بھی صحیح ہے، ورنہ اس کی سند میں ”سفیان

بن عبد الرحمن“ لین الحديث ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 144 - صحيح

বাংলা

১৪৪. কুতায়বাহ্ ইবনু সাঈদ (রহ.) 'আসিম ইবনু সুফইয়ান আস্ সাকাফী (রহ.) হতে বর্ণিত। তারা সালাসিল জিহাদে যোগদান করেছিলেন; কিন্তু যুদ্ধ করার সুযোগ পাননি। পরে তারা শত্রুর মোকাবিলা করার জন্যে প্রস্তুত রইলেন এবং মু'আবিয়াহ্ (রাঃ) -এর কাছে ফিরে গেলেন তখন তাঁর নিকট আবু আইয়ুব এবং উক্বাহ ইবনু

‘আমির (রাঃ) উপস্থিত ছিলেন। তখন ‘আসিম বললেন, হে আবু আইয়ূব! এ বৎসর আমরা যুদ্ধের সুযোগ পেলাম না। আর আমাদের বলা হয়েছে যে, যে লোক চারটি মসজিদে সালাত আদায় করবে তার পাপসমূহ মার্জনা করা হবে। তিনি বললেন, হে ভতিজা! আমি কি তোমাকে এর চেয়ে সহজতর পন্থা বলে দেব না? আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি; যে ব্যক্তি নির্দেশ অনুযায়ী উযু করবে আর নির্দেশ অনুযায়ী সালাত আদায় করবে তার আগের পাপসমূহ ক্ষমা করা হবে। (তারপর বললেন,) হে ‘উক্বাহ! বিষয়টি কি এ রকম? তিনি বললেন, হ্যাঁ!

English

108. The Reward For The One Who Performs Wudu' As Commanded

It was narrated from 'Asim bin Sufyan Ath-Thaqafi that they went out for the battle of As-Salasil, but they missed the fighting, so they kept watch, then they went back to Mu'awiyah, and Abu Ayyub and 'Uqbah bin 'Amir were with him. 'Asim said: O Abu Ayyub, we missed the general mobilization, but we have been told that whoever prays in the four Masjids will be forgiven his sins. He said: O son of my brother! I will tell you of something easier than that. I heard the Messenger of Allah (ﷺ) says: 'Whoever performs Wudu' as commanded and prays as commanded, will be forgiven for his previous actions.' Is it not so, O 'Uqbah? He said: Yes.

ফুটনোট

সহীহ: ইবনু মালিক-এর “ইকামাতুস সালাহ” ১৩৯৬, দারিমী ৭১৭, ইবনু হিব্বান-এর “মাওয়ারিদ” ১৬৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আসিম ইবনু সুফিয়ান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86415>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন